

“মুজিববর্ষের আহবান  
দক্ষ হয়ে বিদেশ যান”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ বৃত্তি  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
৮/৯/২ কাকরাইল, ঢাকা  
প্রশাসন (আইন ও বিধি) শাখা  
[www.bmet.gov.bd](http://www.bmet.gov.bd)



नं-४९.०१.००००.००२१.१८.२४८.१८. २२८८

তারিখ : ২৬.০৬.২০২১ খ্রি।

‘‘অফিস আদেশ’’

জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যৱের প্রশাসন শাখার কম্পিউটার অপারেটর, জনাব মোঃ ইয়াহিয়া সরকার এর স্তী  
আমেরিকায় স্থায়ীভাবে বসবাস করেন। স্তীর সাথে সাক্ষাৎ এবং পরবর্তীতে স্তীর অসুস্থতাজনিত কারণে তাঁকে বিভিন্ন  
ধাপে ০১/০৭/২০১৮ হতে ৩১/১০/২০১৮ পর্যন্ত ০৪ (চার) মাস এবং প্রবাসে থাকা অবস্থায় তাঁর আবেদনের প্রেক্ষিতে  
০১/১১/২০১৯ হতে ২৮/০২/২০১৯খ্রি তারিখ পর্যন্ত ০৪(চার)মাস বহিঃ বাংলাদেশ ছুটি প্রদান করা হয়। পুনরায়  
০১/০৩/২০১৯খ্রিৎ হতে ৩০/০৬/২০১৯খ্রিৎ পর্যন্ত ০৪ (চার) মাস বহিঃ বাংলাদেশ ছুটি প্রদান করা হয়। ছুটি ভোগ  
শেষে তিনি দেশে ফিরে আসেন এবং কর্মস্থলে যোগদান করেন। গত ০৫/১১/২০১৯খ্রিৎ তারিখে তাঁর স্তীর সাথে  
স্বাক্ষাতের জন্য পুনরায় ১৫/১১/২০১৯খ্রিৎ তারিখ হতে ১৪/০৫/২০২০খ্রিৎ তারিখ পর্যন্ত ০৬ (ছয়) মাসের জন্য বহিঃ  
বাংলাদেশ ছুটির আবেদন করলে তাঁকে শর্ত সাপেক্ষে গত ১৫/১১/২০১৯খ্রিৎ হতে ৩০/১১/২০১৯খ্রিৎ পর্যন্ত  
১৫(পনের) দিনের ছুটি প্রদান করা হয়। ছুটির মেয়াদ শেষ হলেও প্রায় ১৩ মাস ১৭ দিন অতিক্রান্ত হলেও তিনি  
কর্মস্থলে যোগদান না করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২(চ) ধারা অনুযায়ী “পলায়ন  
(Desertion)” অনুযায়ী বিভাগীয় মামলা নম্বর-০১/২০২১ দায়ের করা হয়;

০২। তাঁর বহিঃ বাংলাদেশ ছুটির মেয়াদ ৩০/১১/২০১৯খ্রি: তারিখে শেষ হয়। ছুটি মঙ্গুরের ক্ষেত্রে “ছুটি শেষে যথাসময়ে তাঁর পূর্বপদে যোগদান করবেন এবং কোন অবস্থাতেই অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবে না” শর্ত থাকলেও তিনি তা প্রতিপালন না করে প্রায় ০৭ মাস পর গত ২৩/০৬/২০২০খ্রি: তারিখে অর্ধগড় বেতনে আরো ০৫ (পাঁচ) মাসের বহিঃ বাংলাদেশ ছুটির জন্য আবেদন করেন; যা ৩০/০৬/২০২০খ্রি: তারিখে অতিরিক্ত সময়ের পাওয়া যায়। ছুটির মেয়াদ শেষ হলেও প্রায় ১৭ মাস ২৪ দিন অতিক্রান্ত হলেও তিনি আজ পর্যন্ত কর্মসূলে যোগদান করেননি;

০৩। অনুমোদিত ছুটির মেয়াদ শেষ হলেও ছুটির জন্য প্রদত্ত শর্ত ভঙ্গ করে তিনি অননুমোদিতভাবে কর্মস্থলে যোগদান না করায় তাঁর বিরহকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী গঠনপূর্বক তাঁকে কারণ দর্শনো নোটিশ জারি করা হয়। তাঁর বর্তমান ঠিকানা- Md. Eahia Sarkar, Computer Operator, 56-01 56th Drive, Maspeth, New York, NY11378, USA. স্থায়ী ঠিকানা- জনাব মোঃ ইয়াহিয়া সরকার, পিতা: মোঃ আব্দুল হামিদ সরকার, থাম-রূপনাই, পোঃ গোপালপুর, থানা- শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ এবং Email: eahiausa@gmail.com, প্রেরণ করা হলে তিনি কোন প্রকার লিখিত জবাব প্রদান করেন নাই। কোন প্রকার যোগাযোগ না করায় গত ২২/০২/২০২১খ্রিৎ তারিখে অভিযুক্তের শুনানি গ্রহণ করা সম্ভব হয় নাই। তৎপ্রেক্ষিতে বিএমইটি'র সহকারী পরিচালক, জনাব এম ডি জাহিদুল ইসলামকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;


০৮। তদন্তকারী কর্মকর্তা গত ০১/০৩/২০২১খ্রিঃ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, কম্পিউটার অপারেটর জনাব মোঃ ইয়াহিয়া সরকার সর্বশেষ ১৫/১১/২০১৯খ্রিঃ হতে ৩০/১১/২০১৯খ্রিঃ পর্যন্ত কোন অবস্থাতেই অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবে না শর্তসাপেক্ষে ১৫ (পনের) দিনের বহিঃ বাংলাদেশ ছুটি গ্রহণপূর্বক যুক্তরাষ্ট্রে গমন করলেও অনুমোদিত ছুটি শেষ হওয়ার পরও ছুটির শর্তানুযায়ী কর্মসূলে যোগদান না করে অনুমোদিতভাবে ২৮/০২/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ৪৫৫ দিন যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। যা সরকারি কর্মচারী (শুভ্রলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২(চ) ধারা অনুযায়ী “পলায়ন (Desertion)” অর্থাৎ বিনা অনুমতিতে চাকরি ত্যাগ করার শামিল। বর্ণিত বিধি অনুযায়ী অনুমোদিতভাবে শাস্তিযোগ্য অপরাধ;

চলমান পাতা ।

০৫। অভিযুক্ত জনাব মোঃ ইয়াহিয়া সরকার সর্বশেষ ১৫/১১/২০১৯খ্রিৎ হতে ৩০/১১/২০১৯খ্রিৎ পর্যন্ত কোন অবস্থাতেই অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবে না শর্তসাপেক্ষে ১৫ (পনের) দিনের বহিঃবাংলাদেশ ছুটি গ্রহণপূর্বক যুক্তরাষ্ট্রে গমন করেন। কিন্তু অনুমতি নিয়ে বহিঃবাংলাদেশ ছুটিতে যাওয়ার পর ছুটির মেয়াদ শেষ হওয়ায় প্রায় ০৭ মাস পরও দেশে ফেরত না আসা এবং তিনি সর্বমোট ৫৪০ দিন অনুমোদিতভাবে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন। যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২(চ) ধারা অনুযায়ী “পলায়ন (Desertion)” এর সত্যতা প্রমাণিত হয়েছে;

০৬। এমতাবস্থায়, তদন্তে অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(গ) উপবিধি মোতাবেক “পলায়ন (Desertion)” এ দোষী সাব্যস্ত বিবেচনায় ৪ (৩) (গ) উপবিধি মোতাবেক কম্পিউটার অপারেটর জনাব মোঃ ইয়াহিয়া সরকারকে চাকরি হতে অপসারণ করা হলো।

০৬। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।



27/6/2023


(মোঃ শহীদুল আলম এনডিসি)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন : ০২-৯৩৪৯৯২৫ (অফিস)  
email-dg@bmet.org.bd

নং-৪৯.০১.০০০০.০০২১.১৮.২৮৮.১৪.

তারিখ : .০৬.২০২১খ্রিৎ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণার্থে অনুলিপি (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নথে) :

- ০১। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএমইটি, ঢাকা।
- ০৩। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৪। সহকারী হিসাব রাফণ কর্মকর্তা, বিএমইটি, ঢাকা।
- ০৫। জনাব মোঃ ইয়াহিয়া সরকার, কম্পিউটার অপারেটর, প্রশাসন শাখা, বিএমইটি, ঢাকা।
- ০৬। বর্তমান ঠিকানা- Md. Eahia Sarkar, Computer Operator, 56-01 56th Drive, Maspeth, New York, NY11378, USA.
- ০৭। স্থায়ী ঠিকানা- জনাব মোঃ ইয়াহিয়া সরকার, পিতা: মোঃ আব্দুল হামিদ সরকার, গ্রাম-রূপনাই, পোঃ গোপালপুর, থানা- শাহজাদপুর, জেলা- সিরাজগঞ্জ এবং Email: eahiausa@gmail.com.
- ০৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(মোহাম্মদ আলী)  
সহকারী পরিচালক (প্রশাসন)